



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশি/বি/৫৮৪/মাদারী/ ৭৬০

তারিখ : ১৯।০৭।২২

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০১।১।১।১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে **শ্রীনদীহাট সৈয়দা রোকেয়া শাজাহান বালিকা উচ্চ বিদ্যালয়**-কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত ০৩ (তিনি) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) অস্থায়ীভাবে একাডেমী স্বীকৃতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষককে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা প্রস্তুত করে শ্রেণি কক্ষে পাঠদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্লীডানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষরোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৬। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৭। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা যৌথনামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- ১০। বিদ্যালয়ে জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে। বিদ্যালয়ে জেএসসি পরীক্ষার্থী সংখ্যা ও ফল আরো বৃদ্ধি করতে হবে।
- ১১। বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাত্তাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।
- ১২। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ১৩। কোন শর্ত পূরণে ব্যর্থ হলে বোর্ড যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- ১৪। একাডেমিক স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার ০৩(তিনি) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৫। বিদ্যালয়ের জমি বিদ্যালয়ের নামে নামজারি, খারিজ খতিয়ান করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ঝুঁঝা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

শ্রীনদীহাট সৈয়দা রোকেয়া শাজাহান বালিকা উচ্চ বিদ্যালয়

পোঁঃ- শ্রীনদীহাট, উপজেলা- রাজের।

জেলা- মাদারীপুর।

মেমো নং- ৭৬০৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ১৯।০৭।২২

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

- ২। জেলা প্রশাসক, মাদারীপুর।

- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রাজের।

- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

- ৫। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।

- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, শ্রীনদীহাট সৈয়দা রোকেয়া শাজাহান বালিকা উচ্চ বিদ্যালয়।

- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

১৯।০৭।২২
২০।০৭।২২